গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
(আইসিটি শাখা)
www.magura.gov.bd

স্মারক নং -০৫.৪৪.৫৫০০.০২০.০৭.১০.১৬- ২৬

তারিখ: ১৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: ইনোভেশন টিমসমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা।

সূত্র : ১. মন্ত্রিপরষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭২, তারিখ: ২০.১২.২০১৫ খ্রিস্টাব্দ।
২. এটুআই প্রোগ্রামের স্মারক নং: ০৩.৮০৩.০০২.০০.০০.০১০.২০১৬/৭৬, তারিখ: ১২.০১.২০১৬ খ্রিস্টাব্দ।
৩. বিভাগীয় কমিশনার, খুলনার স্মারক নং: ০৫.৪৪.০০০০.০০৯.২৯.০৪৭.১৫-২২১(২২), তারিখ: ২৮.১২.২০১৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার ইনোভেশন টিমসমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০৪(চার) ফর্দ।

( মুহঃ মাহবুবর রহমান )
জেলা প্রশাসক
মাগুরা।
ফোন নম্বর: ০৪৮৮-৬২৩০২
dcmagura@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
খুলনা

স্মারক নং -০৫.৪৪.৫৫০০.০২০.০৭.১০.১৬-২৬/১(২)

তারিখ: ১৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আকর্ষণ –সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।

জেলা প্রশাসক
মাগুরা।

# মাগুরা জেলার ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা

| ক্রমিক নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমানগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ১ | দেশী উফশী পাটবীজ উৎপাদন সহজীকরণ | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ২৯.০৪.২০১৬ | শেখ মো: মাহাবুব-উল ইসলাম, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাগুরা সদর | চাষীর অতিরিক্ত বীজ ন্যায্যমূল্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ হবে এবং বীজ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | *উন্নতমানের বীজ উৎপাদন হবে। *ব্যয় অনেক কম। *কৃষক আর্থিকভাবে লাভবান হবে। |
| ২ | প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে প্রকৃত সমবায় সমিতির নিবন্ধন সহজীকরণ। | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ২৯.০৪.২০১৬ | বিরাজ মোহন কুন্ডু উপজেলা সমবায় অফিসার, মাগুরা সদর। | প্রকৃত সমবায় চর্চায় উদ্বুদ্ধ করা যাবে। অন্যদিকে নিবন্ধন সহজীকরনের মাধ্যমে জনগনের ভোগান্তি কমিয়ে টেকসই সমবায় সমিত গঠন সম্ভব হবে। | *সময় ও ব্যয় কমবে। *অফিসে যাতায়ত কমে যাবে। |
| ৩ | ভূমি মেলা আয়োজন | শুরু : ১৯.০৫.২০১৫ সমাপ্তি : ২১.০৫.২০১৫ | মুহঃ মাহবুবর রহমান, জেলা প্রশাসক মাগুরা | মেলায় সাধারণ জনগণ ভূমি সংক্রান্ত বিভিন্ন আইনকানুন, ভূমি উন্নয়ন কর, নামজারি, দলিল রেজিস্ট্রেশন, ভূমি জরিপসহ বিভিন্ন সেবার বিষয়ে আবগত হতে পারবে। এতে ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। | *ভূমি সংক্রান্ত সকল সেবা একই জায়গা থেকে প্রাপ্তি। |
| ৪ | জেলা প্রশাসকের কার্যালয়ে প্রশিক্ষণের জন্য কম্পিউটার ল্যাব স্থাপন। | শুরু : ০১.১২.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | মুহঃ মাহবুবর রহমান, জেলা প্রশাসক মাগুরা | প্রশিক্ষণের মাধ্য দক্ষ জনশক্তি গড়ে তোলা হবে। কম্পিউটার সম্পর্কে বেসিক ধারনা প্রদান করা হবে। ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে স্বনির্ভরতা হবে। ইন্টারনেটের ব্যবহার সম্পর্কে ধারনা পাবে। এ প্রশিক্ষণ মাগুরা জেলার তথ্য ও প্রযুক্তির বিকাশে ইতিবাচক প্রভাব ফেলবে। | *দক্ষ জনশক্তি তৈরি। *তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কর্মসংস্থান। |
| ৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে সেবা সহজীকরণ | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | মোছা: আজমিরী খাতুন, বস্তি উন্নয়ন কর্মকর্তা, মাগুরা পৌরসভা | ১. সেবা ব্যবস্থা আধুনিক এবং ডিজিটাইলজড হবে। ২. সেবা গ্রহীতাগণের ওয়ার্ড সেবা কেন্দ্র আবেদন দাখিলের মাধ্যমে নির্ধারিত ফিসের বিনিময়ে একই স্থান থেকে প্রত্যাশিত সেবা প্রাপ্তি নিশ্চিতরন হবে। ৩. সেবা কেন্দ্র দায়িত্ব প্রাপ্ত উদ্যোক্তাগণের নিজস্ব ব্যবস্থাপনায় পৌর নাগরিক সেবা প্রদান করতে পারবে। | *সময় ও ব্যয় কমবে। নিজ ওয়ার্ডে সকল ধরনের পৌর সেবা। |
| ৬ | কমিউনিটি ক্লিনিকে সেবা বিকেন্দ্রীকরণ ও স্থানীয় জনগণের তথ্য ভান্ডার তৈরী | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | ড: শেখ মো: মনজুরুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাগুরা সদর | কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের রোগ সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণ করা হবে এবং রোগীদের নিয়মিত ফলোআপ নিশ্চিত করতে সহায়তা করবে। | *কমিউনিটি ক্লিনিকে স্বল্প সময় ও ব্যয়ে সঠিক সেবা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | উপজেলা কেন্দ্রিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে দ্রুত ও স্বল্প খরচে কৃষি পরামর্শ পদান। | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | সুব্রত চক্রবর্তী, উপজেলা কৃষি অফিসার, মাগুরা সদর | উপজেলা কৃষি অফিসে নিদৃষ্ট মোবাইল নম্বারের মাধ্যমে কৃষকদের মোবাইলে পরামর্শ পাবে। | *কৃষকবৃন্দ ঘরে বা মাঠে থেকেই কৃষি সেবা। *সময় বাঁচবে। *খরচ বাঁচবে। |
| ৮ | বিষমুক্ত ও নিরাপদ ফল প্রাপ্তি নিশ্চিত করতে ফল আবাদি কৃষক কে উদ্বুদ্ধ করণ ও পরামর্শ প্রদান। | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | সুব্রত চক্রবর্তী উপজেলা কৃষি অফিসার, মাগুরা সদর | বিষমুক্ত ও নিরাপদ ফল প্রাপ্তি নিশ্চিত করতে ফল আবাদি কৃষক কে প্রশিক্ষণ প্রদান করা হবে। | *বিষমুক্ত ও নিরাপদ ফল প্রাপ্তি। *উৎপাদন খরচ কমবে। |
| ৯ | আধুনিক পদ্ধতিতে মাছ চাষ সহজীকরণ ও প্রাকৃতিক জলাশয়ে খাঁচায় মাছ চাষ। | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | সঞ্চিতা রানী কুন্ডু সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মাগুরা সদর | নদীতে খাঁচায় মাছ চাষ করলে চাষীর নিজস্ব জলাশায়ে প্রয়োজন হয় না। একই জলাশয়ে প্রাকৃতিক মাছ ও কার্প জাতীয় মাছের চাষ করা যায় বলে উৎপাদন বৃদ্ধি পাবে। | *নিজস্ব জলাশায় না থাকলেও মাছ চাষ। *মাছের উৎপাদন বাড়বে। |
| ১০ | সেবা সহজীকরন | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | এ.এস.এম. সিরাজুদ্দোহা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাগুরা | ১. জেলার ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ রয়েছে। এ বিদ্যালয়সমূহে প্রতি শ্রেণিতে প্রতিদিন কমপক্ষে ০১ টি করে ডিজিটাল কনটেন্ট তৈরি করে উপস্থাপন করা হবে। সপ্তাহের সিডিউল এ কার্যালয়ে প্রেরণ করবে। সে অনুযায়ী পরিদর্শন কর্মকর্তাগণ পরিদর্শন করে প্রতিবেদন দিবেন।পার্শ্ববর্তী যে বিদ্যালয়ে ল্যাপটপ নেই, সে বিদ্যালয়ে প্রতি ১৫ দিনে ০১ বার ০২টি শ্রেণিতে ডিজিটাল কনটেন্ট উপস্থাপন করা হবে। ২. জেলা প্রাথমিক শিক্ষা অফিস হতে ০৩ দিনের মধ্যে পিআরএল ও পেনশন কেস নিস্পত্তি করা হবে। | *যে সকল বিদ্যালয়ে ল্যাপটপ নেই তারাও ল্যাপটপের সুবিধা পাবে। *জেলা প্রাথমিক শিক্ষা অফিস হতে দ্রুত পেনশন প্রাপ্ত শিক্ষরা সুবিধা । |
| ১১ | জনগনকে সরকারি দপ্তরের তথ্যে প্রবেশাধিকার নিশ্চিৎ করণ। | শুরু : ০১.০৬.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | মো: রেজাউল ইসলাম, জেলা তথ্য অফিসার, মাগুরা | মাগুরা জেলার সরকারি দপ্তরসমূহের মৌলিক ও চলমান উন্নয়ন কর্মকান্ডের হালনাগাদ তথ্য সংগ্রহ, ডাটাবেজ তৈরি, জেলা তথ্য অফিসে সংরক্ষণ এবং জেলা তথ্য বাতায়ন, উপজেলা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সংঙ্গে লিংকেজ স্থাপন করে তথ্যসমূহ প্রতিনিয়ত আপডেটকরণ। জনগন সহজেই সব বিষয়ে জানতে পারবে। | *স্বল্প সময়ে একই পোর্টাল থেকে সকল অফিসের তথ্য জানা । |
| ১২ | "লাইভস্টক ভিলেজ" | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | ডা: শ্যামল কুমার পাল, জেলা প্রানিসম্পদ কর্মকর্তা, মাগুরা | 'দরিদ্রবান্ধব সেবা প্রদান ব্যবস্থা' প্রবর্তন। এ লক্ষে লাইভস্টক ভিলেজ গঠন করা হবে। | *কৃষকবৃন্দ গ্রামে থেকেই সকল প্রশিক্ষ ও বিভিন্ন সুবিধা প্রাপ্তি |
| ১৩ | পেনশনারদের সেবা | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | জিএম জিল্লুর রহমান, জেলা হিসাব রক্ষন অফিসার, মাগুরা | ১. পেনশন হোল্ডারদের হিসাবরক্ষণ অফিস ও ব্যাংকের পরিবর্তে শুধুমাত্র ব্যাংকের মাধ্যমে শান্তিপূর্ণভাবে পেনশনের টাকা উত্তোলনের করতে পারবে। ২. পেনশন হোল্ডারদের বসার জন্য একটি সেড নির্মান ব্যবস্থা ও বিশুদ্ধ পানি সরবরাহ করা হবে। | *পেনশনভোগীরা দ্রুত পেনশন পাবে এবং চিকিৎসা সুবিধা পাবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ৩. পেনশন হোল্ডারদের সপ্তাহে যেকোন ২ দিন মেডিকেল চেকআপ ও বিনামূল্যে প্রয়োজনীয় ঔষুধের ব্যবস্থা করা হবে। ৪. কর্মকর্তা/কর্মচারীদের ইন-হাউজ ট্রেনিং আয়োজন করা হবে। ৫. পিআরএলরত এবং পিআরএলে গমনের অপেক্ষায় আছে এমন কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন সম্পর্কিত মত বিনিময় সভা আয়োজন করা হবে। | |
| ১৪ | সম্প্রসারিত ফ্রন্ট ডেস্ক সেবার মাধ্যমে সরকারি ও বেসরকারি দপ্তরের সেবা প্রাপ্তি সহজীকরণ | শুরু : ২৭.০৭.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | সৈয়দ রবিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | ফ্রন্ট ডেস্কে এক/একাধিক প্রশিক্ষিত স্টাফ থাকবেন। সহায়ক হিসেবে ইন্টারনেট সংযোগসহ একটি কম্পিউটার থাকবে। জেলার কোন সরকারী ও বেসরকারী দপ্তর থেকে কি সেবা দেওয়া হয়, সেবামূল্য কত, দপ্তরের অবস্থান কোথায়, কে সেবা দেন, সংশ্লিষ্ট দপ্তরের যোগাযোগ নম্বর পূর্বেই সংগ্রহ করা থাকবে। এছাড়া সরকারী বিভিন্ন দপ্তরে ব্যবহৃত বিনামূল্যের ফর্ম সংগ্রহে থাকবে। ফ্রন্ট ডেস্কে কোন নাগরিক আসলে হাসিমূখে তাঁর চাহিদামাফিক সেবা প্রদান করা হবে। | *জনগন একই জায়গা থেকে সকল সরকারী ও বেসরকারী অফিসের তথ্য পাবে। *সময় কমবে। *এক জায়গা থেকে সকল সরকারী অফিসে ব্যবহৃত ফরম পাবে। |
| ১৫ | ২০টি ডিপ্লোমা-ইন-প্রাইমারী এডুকেশন(ডিপিএড) প্রশিক্ষণ বিদ্যালয়ে ডিপিএড প্রশিক্ষণের ফলপ্রসূতা নিরূপণ | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | বাদল চন্দ্র বিশ্বাস সুপার, পিটিআই | ১. শিক্ষকদের শ্রেণী কার্যক্রম পর্যবেক্ষণ করা হবে। ২. স্বল্পমেয়াদী প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | *শিক্ষকদের পেশাগত মান উন্নয়ন। |
| ১৬ | গুণগত মানসম্পন্ন মৎস্য সম্পদ উৎপাদনের দ্বারা নিরাপদ প্রাণিজ আমিষ গ্রহণপূর্বক জনসাধারণের উন্নতির মাধ্যমে দক্ষ ও কর্মমুখী জনশক্তি তৈরি, দরিদ্র বিমোচন ও প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহারে উৎকর্ষ সাধন | শুরু : ২৯.০৪.২০১৫ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | পরিমল চন্দ্র পাল মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সিনিয়র), শালিখা, মাগুরা | ১. পুকুর পাড়ে/জলাশয়ের পাড়ে উঠান বৈঠকের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হবে। ২. ক্লাসরুম পদ্ধতিতে প্রশিক্ষণ করা হবে। ৩. পুকুর/জলাশয়/ঘের এর নিয়মীত মনিটরিং করা হবে। ৪. বিষাক্ত প্রিজারভেটিভস (যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, যেমন-ফরমালিন) ব্যবহার করণ করে মৎস্য ও মৎস্যজাত দ্রব্য সংরক্ষণ ও ভোক্তার প্রণিজ আমিষ/খাদ্য হিসেবে ব্যবহার কৌশল সম্পর্কে অবহিতকরণ করা হবে। | *মৎস্য চাষিরা সল্প সময় ও খরচে মৎস্য চাষ। |
| ১৭ | শিক্ষার্থীদের সততা, নীতি-নৈতিকতা, মূল্যবোধের অবক্ষয়রোধ ও মহানুভবতার শিক্ষাদানে উদ্ভাবনী কৌশলের ব্যবহার। | শুরু : ২০.০১.২০১৬ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | ইয়াসমিন আক্তার, প্রধান শিক্ষক, আড়পাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, শালিখা, মাগুরা | শিক্ষার্থীদের আচরনে স্থায়ী পরিবর্তন তথা দেশ প্রেম ও সাধারণ মানুষের সেবায় নিজেকে উৎসর্গ করতে উৎসাহিত করা হবে। তিন স্তর বিশিষ্ট পর্যবেক্ষণ কমিটি – শিক্ষকদ্বারা গঠিত তিনস্তর বিশিষ্ট পর্যবেক্ষণ কমিটি দিয়ে শিক্ষার্থীদের ব্যক্তিগত ও সামাজিক গুনাবলী অর্জন করানো হবে। এজন্য অনেস্টি সপ, মহানুভবতার দেয়াল সহ অন্যান্য কার্যক্রম গ্রহন করা হবে। | *সৎ মানুষ তৈরি। *শিক্ষার্থীদের দেশ প্রেমে উদ্বুদ্ধ করা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮ | সমাবায়ের মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ও টেকসই উন্নয়ন। | শুরু : ২০.০১.২০১৬ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | বিরাজ মোহন কুন্ডু, উপজেলা সমবায় অফিসার, মাগুরা সদর | সমাবায়ের মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পের কার্যক্রমকে প্রসারিত করা হবে এবং উৎপাদনকৃত পন্য সামগ্রীর অন লাইন বাজার ব্যবস্থা সৃষ্টি করা হবে। | *সমবায় গঠন। *উৎপাদিত পণ্য অনলাইনের মাধ্যমে বাজার সৃষ্টি। |
| ১৯ | জেন্ডার এ্যাকশন প্লান (GAP) ও দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা (PRAP) প্রনয়ন ও ৯ নং ওয়ার্ডে ই-হেলথ সেবা বিষয়ক সচেতনতামূল পাইলটিং কর্মসূচীর মাধ্যমে স্বাস্থ সেবা সহজীকরণ। | শুরু : ২০.০১.২০১৬ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | মোসা আজমিরি খাতুন, বস্তি উন্নয়ন কর্মকর্তা, মাগুরা পৌরসভা, মাগুরা | পৌরসভার বসবাসরত নারী এবং দারিদ্রদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা, আর্থিকভাবে স্বচ্ছল করা, আয়বর্ধক বিভিন্ন কার্যক্রম গ্রহন করা। | *পৌরসভার বসবাসরত নারীদের স্বনির্ভর করা। *এক জায়গা থেকে স্বাস্থ সেবা প্রাপ্তি। |
| ২০ | ওয়েব পোর্টালের মাধ্যমে জনগণের সমস্যা/জিজ্ঞাসা দপ্তর অনুযায়ী গ্রহন এবং সংশ্লিষ্ট দপ্তরের নির্দিষ্ট সময়ের মধ্যে তার সমাধান/উত্তর ওয়েব পোর্টালে প্রদান। | শুরু : ২০.০১.২০১৬ সমাপ্তি : ৩১.১২.২০১৬ | বুলবুলী খাতুন, সহকারী প্রোগ্রামার, শালিখা, মাগুরা | জেলা/উপজেলা ওয়েব পোর্টালে নিদৃষ্ট একটা লিংক খুলতে হবে যেখানে জনগণ এবং বিভিন্ন সরকারী দপ্তর এক্সেস করতে পারবে। এখানে প্রতিটা সরকারি দপ্তরের আলাদা আলাদা অপশন থাকবে। যার যেই দপ্তর দরকার সেই দপ্তরের আপশনে তার সমস্যা/জিজ্ঞাসা প্রদান করবে এবং সংশ্লিষ্ট দপ্তর সেই আপশনে সমাধান/উত্তর প্রদান করা হবে। | *ওয়েব পোর্টালের মাধ্যমে সকল সরকারী সেবা প্রদান। |

-৩১.১.১৬

(সৈয়দ রবিউল ইসলাম)
অতিরিক্তি জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
মাগুরা